

বিদ্যমান বন্ড সুবিধার Continuation বা Extension এর শর্তাবলী :

- ১) একই মালিকানাধীন একই প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে।
- ২) একই বন্ড লাইসেন্স এর আওতায় সর্বোচ্চ দু'টি স্থানে অবস্থিত চলমান ০২ টি ফ্যাট্টরীর জন্য এ সুবিধা প্রযোজ্য হবে।
- ৩) নতুন লাইসেন্স প্রদানের ক্ষেত্রে যে ধরণের সতর্কতা বা যাচাইমূলক ব্যবস্থা গ্রহণ করা হয় এক্ষেত্রেও অনুরূপ পদ্ধতি অনুসরণপূর্বক কমিশনার (বন্ড) সম্মত হলে তিনি এ ধরণের Continuous Bond এর অনুমতি প্রদান করতে পারবেন।
- ৪) নৌট, ওভেন, ডাইং ও প্রিন্টিং, টাওয়েল, লিলেন, হোম টেক্সটাইল খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে।
- ৫) এ সুবিধা বন্ড কমিশনারেট এর আওতায় মূল প্রতিষ্ঠান থেকে সর্বোচ্চ ৬০ কিলোমিটার Radious এর মধ্যে যে সকল এলাকায় বিজিএমইএ, বিকেএমইএ, বিটিএলএমইএ, বিটিএমএ ভূক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম চালু রয়েছে শুধু সেসব এলাকায় Continuous বন্ড সুবিধা প্রদান করা যাবে।
- ৬) Continuation/Extension বন্ড সুবিধা প্রাপ্ত ফ্যাট্টরীটি মূল বন্ড লাইসেন্স এর আওতাধীন হলেও সম্পূর্ণ পৃথক পৃথক প্রতিষ্ঠান/ফ্যাট্টরীতে যেভাবে পৃথক হিসাব খাতা/রেজিস্টার, দলিলাদি সংরক্ষণ, আনুষ্ঠানিকভাবে সম্পন্ন ও পদ্ধতি অনুসরণ করতে হয় Continuous Bond এর আওতাধীন প্রতিষ্ঠান সমূহের ক্ষেত্রেও তা একইভাবে আলাদা আলাদাভাবে সংরক্ষণ করতে হবে এবং প্রতিপালনীয় হবে।

এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-১২/২০০৮/শুক/৮৩৯(১-১৫) তারিখ: ১০.০৬.২০০৮ইং
এ বিস্তারিত বর্ণিত রয়েছে।